# বিশ্বসেরা ওয়েবরুট অ্যান্টিভাইরাস এখন বাংলাদেশে

আমেরিকার সবচেয়ে বেশি বিক্রি হওয়া এবং সবচেয়ে বেশিসংখ্যক পিসিম্যাগ পুরস্কার বিজয়ী অ্যান্টিভাইরাস Webroot SecureAnywhere এখন বাংলাদেশে। Webroot SecureAnywhere পিসি, ম্যাক ও মোবাইল ডিভাইসের জন্য সর্বোচ্চ সুরক্ষা দিয়ে থাকে। এটি সবচেয়ে দ্রুততম এবং আকারে খুব ছোট (৩.৩ মেগাবাইট), কিন্তু খুবই কার্যকর! এই অ্যান্টিভাইরাসটি তিনটি হোম সংস্করণে বাজারে পাওয়া যায়– অ্যান্টিভাইরাস, ইন্টারনেট সিকিউরিটি প্লাস ও ইন্টারনেট সিকিউরিটি কমপ্লিট। এ ছাড়া এর বিজনেস সংস্করণও রয়েছে।

## প্রধান বৈশিষ্ট্য

এই অ্যান্টিভাইরাসের রিয়েল টাইম গ্লোবাল থ্রেট ইন্টেলিজেন্স ব্যবহার করে আপনার ডিভাইসকে সুরক্ষিত করবে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে। ক্লাউডভিত্তিক ভাইরাস শনাক্ত করা এবং দ্রুত স্ক্যানের ফলে ডিভাইসে কোনো বাধা বা মন্থরতা থাকে না। এর অ্যান্টি-ফিশিং প্রযুক্তি-জাল ওয়েবসাইটগুলো থেকে আপনাকে রক্ষা করবে এবং ব্যক্তিগত তথ্য চুরি করা রোধ করবে। এর পাসওয়ার্ড ম্যানেজার একটিমাত্র মাস্টার পাসওয়ার্ড দিয়ে ইন্টারনেটের অন্য পাসওয়ার্ডগুলো গোপন রাখে। এটি অত্যন্ত কম রিসোর্স ব্যবহার করে এবং এর অপ্টিমাইজেশন বৈশিষ্ট্য সিস্টেমকে সহজে চালাতে সাহায্য করে। এর মোবাইল নিরাপত্তা ব্যবস্থা ক্ষতিকর অ্যাপস এবং মোবাইল ম্যালওয়্যার থেকে আপনাকে রক্ষা করবে।

## অন্যরকম অ্যান্টিভাইরাস

সাধারণত অ্যান্টিভাইরাস স্বাক্ষরভিত্তিক শনাক্তকরণ এবং আচরণগত বা অনুসন্ধানমূলক শনাক্তকরণ পদ্ধতির ওপর নির্ভর করে, কিন্তু ওয়েবরুট একটু ভিন্ন পদ্ধতি ব্যবহার করে। যদিও এর ক্লাউডভিত্তিক সিস্টেম স্বাক্ষরভিত্তিক শনাক্তকরণ পদ্ধতি ব্যবহার করে, কিন্তু এটি শুধু কিছু ম্যালওয়্যার শনাক্তকরণের প্রাথমিক উপায়, যাতে প্রোগ্রামের শত শত আচরণ পর্যালোচনা করা হয়।

ওয়েবরুট অ্যান্টিভাইরাসটি মিনিটের মধ্যেই ইনস্টল হয়ে পূর্ণ স্ক্যান সঞ্চালন করে, যেখানে বেশিরভাগ অ্যান্টিভাইরাস ইনস্টল এবং আপডেট সমাপ্ত হতে এরচেয়ে বেশি সময় লাগে। এমনকি এটি ম্যালওয়্যারে ভরা সিস্টেমেও দ্রুতগতিতে ইনস্টল হয়। যখন স্ক্যান শেষে ম্যালওয়্যার ধরা পরে, ওয়েবরুট আবার স্ক্যান করে ম্যালওয়্যারের সম্ভাব্য গতিবিধি নিশ্চিত করে।

## চমৎকার পাসওয়ার্ড ম্যানেজমেন্ট

অ্যান্টিভাইরাসটিতে LastPass 2.0 নামে একটি চমৎকার পাসওয়ার্ড ম্যানেজার আছে। যখন কোনো ওয়েবসাইটে লগইন করবেন, তখন এটি আপনাকে পাসওয়ার্ডটি সংরক্ষণ করার জন্য সুযোগ দেবে। আপনাকে পাসওয়ার্ড রক্ষা ও অনলাইন কন্সোলে লগইন করার জন্য অবশ্যই একটি শক্তিশালী পাসওয়ার্ড বেছে নিতে হবে।

## ম্যাক ও মোবাইল সাপোর্ট

যেকোনো আইওএস বা অ্যান্ড্রয়িড ডিভাইসে ওয়েবরুটের সিকিউরওয়েব ব্রাউজার ইনস্টল করে আপনার ওয়েবরুট অ্যাকাউন্টের সাথে এটি লিঙ্ক করতে পারবেন। এভাবে মোবাইল থেকে আপনার সংরক্ষিত পাসওয়ার্ড ও প্রোফাইলের তথ্য বিভিন্ন ওয়েবসাইটে ব্যবহার করতে পারবেন।

Webroot SecureAnywhere অ্যান্টিভাইরাসটি ম্যাক সিস্টেমেও (iMac) ইনস্টল করতে পারবেন। ম্যাক সংস্করণটি পিসি সংস্করণ থেকে প্রায় অভিন্ন।

অ্যান্ড্রয়িড ফোন ও ট্যাবলেটের জন্য আপনাকে ইনস্টল করতে হবে Webroot SecureAnywhere Mobile এবং এটি বিনামূল্যে ব্যবহার করতে পারবেন। ম্যালওয়্যার স্ক্যান ছাড়াও এটি আপনার মোবাইল ডিভাইসকে নতুন হুমকি থেকে রক্ষা করে, বিপজ্জনক সেটিংস সম্পর্কে সতর্ক করে এবং এটিতে একটি সম্পূর্ণ অ্যান্টি-থেফট সিস্টেম রয়েছে, যা আপনার মোবাইল ডিভাইসটি চুরি হওয়া থেকে রক্ষা করে। অ্যান্ড্রয়িড সংস্করণে ফোনকল বা এসএমএস ব্লকিং সিস্টেম আছে।




## অনলাইন কন্সোল

আগেই উল্লেখ করা হয়েছে, ওয়েবরুট অনলাইন কন্সোলে বা অ্যাকাউন্টে লগইন করে আপনার সংরক্ষিত পাসওয়ার্ড ও ওয়েবসাইটের ফরম পূরণ করতে পারবেন। এ ছাড়া এখান থেকে আপনার হারানো বা চুরি হয়ে যাওয়া মোবাইল বা ট্যাবলেটের অবস্থান জানতে পারবেন। Backup & Sync-এর বৈশিষ্ট্যগুলো ব্যবহার করতে হলে আপনাকে Webroot SecureAnywhereTM Internet Security Complete ইনস্টল করতে হবে। পিসি সিকিউরিটি ট্যাবে দেখতে পারবেন আপনার সবগুলো পিসির অবস্থা। যদি আপনি নতুন একটি পিসির জন্য আরেকটি লাইসেন্স কেনেন, তাহলে সহজেই এখানে কি-কোডটি নিবন্ধন করতে পারবেন।

এর মাধ্যমে অনলাইনে লগইন করেই আপনার পিসির নিরাপত্তা দেখতে পারবেন এবং নিরাপত্তার মাত্রা পরিবর্তন করতে পারবেন। যদি ভুল করে আপনার পিসি বন্ধ না করেন, তাহলে পিসি সিকিউরিটি কন্সোলে লগইন করে সহজেই আপনার পিসি লক বা বন্ধ করে দিতে পারেন।

## বিজনেস সংস্করণ

ব্যবসায় প্রতিষ্ঠান বা কর্পোরেট ব্যবহারকারীদের কথা মাথায় রেখে এই সংস্করণগুলো বাজারে ছাড়া হয়েছে। এই অ্যান্টিভাইরাসের সাথে অন্যরকম একটি কন্ট্রোল প্যানেল আছে, যা কর্পোরেট ব্যবহারকারীদের কাজ করতে অনেক সহজ হয়। বিজনেস সংস্করণগুলো হলো– Webroot SecureAnywhere Business User Protection, Webroot SecureAnywhere Business Endpoint Protection, Webroot SecureAnywhere Business Mobile Protection এবং Webroot SecureAnywhere Business Web Security Service।

## সঠিক অ্যান্টিভাইরাস নির্বাচন

ইন্টারনেটে পিসি ও ব্যক্তিগত তথ্য সুরক্ষার জন্য সঠিক অ্যান্টিভাইরাস নির্বাচন করা গুরুত্বপূর্ণ বিষয়। এমন অ্যান্টিভাইরাস নির্বাচন করা উচিত, যা নতুন নতুন ম্যালওয়্যার থেকে সর্বাধিক সুরক্ষা দেবে এবং একই সাথে পিসির গতি মন্থর করবে না। পিসি স্ক্যান করতে কত সময় নেবে, এটাও বিবেচনায় রাখতে হবে।

ওয়েবরুট অ্যান্টি-ভাইরাসটি সবচেয়ে ছোট, কিন্তু সবচেয়ে বেশি কার্যকর এবং দ্রুত স্ক্যান করে। এর একটি অনন্য বৈশিষ্ট্য হলো, এটি পরিচালনার জন্য কিছু আপডেট করতে হয় না– সর্বদা আপ টু ডেট থাকে। এর অর্থ, কোনো নতুন ভাইরাস বা ম্যালওয়্যার শনাক্ত হলে তার সুরক্ষা আপনি সেকেন্ডের মধ্যেই পেয়ে যাবেন কোনো আপডেট ছাড়া। ওয়েবরুটের বাংলাদেশ, ভুটান, পাকিস্তান ও মিয়ানমারের জন্য একমাত্র পরিবেশক হিসেবে কাজ করছে মাইক্রো পার্টস ইউএসএ লিমিটেড।

যেকোনো সহযোগিতার জন্য যোগাযোগ করতে – ওয়েবসাইট : webrootpoint.com, ই-মেইল : support@webrootpoint.com, ফোন : ০১৭৮৬০০৭৭৭৭।

বিজ্ঞাপন সংশ্লিষ্ট